তারিখ ... 07 APR 2016 ...
পৃষ্ঠা ... ৭ম ... কলাম ... ৪ ...

দৈনিক
ইত্তেফাক

# স্কুল শিক্ষার্থীদের বোমা ও আত্মঘাতী হামলার শিক্ষা দিচ্ছে আইএস

■ ইত্তেফাক ডেস্ক

ইরাক ও সিরিয়ায় নিজেদের নিয়ন্ত্রিত অঞ্চলের স্কুলে শিক্ষার্থীদের বোমা বানানো এবং আত্মঘাতী হামলা চালানোর শিক্ষা দিচ্ছে গত বছর থেকে সাড়া জাগানো জঙ্গি সংগঠন ইসলামিক স্টেট (আইএস)। আন্তর্জাতিক মানবাধিকার সংগঠন হিউম্যান রাইটস ওয়াচের (এইচআরডব্লিউ) গবেষণার বরাত দিয়ে গতকাল বুধবার টাইমস অব ইন্ডিয়ায় প্রকাশিত প্রতিবেদনে এ তথ্য জানানো হয়। ইরাকে এইচআরডব্লিউ'র গবেষককে এক মা জানান, রামাদিতে থাকার সময় আইএস স্কুলগুলোতে বোমা তৈরির প্রশিক্ষণ দিয়েছে। তার ১২ বছর বয়সী ছেলে জানান, ধর্মীয় শিক্ষার পাশাপাশি তাদের বোমা তৈরি এবং কিভাবে আত্মঘাতী হামলার চালানো যায় সেই বিষয়ে শিক্ষা দেয়া হতো তাদের। পরে তারা রামাদি থেকে পালিয়ে যায়।